

া সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৯৬৩

৩০/ সং ব্যবহার ও সম্পর্ক রক্ষা (ﷺ) পরিচ্ছেদঃ মিনহা প্রদান।

باب مَا جَاءَ فِي الْمِنْحَةِ

আরবী

حَدَّقَنَا أَبُو كُرَيْبٍ، حَدَّقَنَا إِبْرَاهِيمُ بْنُ يُوسُفَ بْنِ أَبِي إِسْحَاقَ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنْ طَلْحَةَ بْنِ مُصَرِّف، قَالَ سَمِعْتُ عَبْدَ الرَّحْمَنِ بْنَ عَوْسَجَةَ، يَقُولُ سَمِعْتُ الْبَرَاءَ بْنَ عَازِب، يَقُولُ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " مَنْ مَنَحَ مَنِيحَةَ لَبَنٍ أَوْ وَرِقٍ أَوْ هَدَى زُقَاقًا كَانَ لَهُ مِثْلُ عِتْق رَقَبَةٍ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَديثُ حَسَنٌ صَحِيحٌ فَرِيبٌ مِنْ حَديثِ أَبِي إِسْحَاقَ عَنْ طَلْحَةَ بْنِ مُصَرِّفٍ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ هَذَا الْوَجْهِ . وَقَدْ رَوَى مَنْصُولُ بْنُ الْمُعْتَمِرِ وَشُعْبَةُ عَنْ طَلْحَةَ بْنِ مُصَرِّفِ هَذَا الْحَديثَ . وَفِي الْبَابِ عَنِ رَوَى مَنْصُولُ بْنُ الْمُعْتَمِرِ وَشُعْبَةُ عَنْ طَلْحَةَ بْنِ مُصَرِّفِ هَذَا الْحَديثَ . وَفِي الْبَابِ عَنِ النَّعْمَانِ بْنِ بَشِيرٍ . وَمَعْنَى قَوْلِهِ " مَنْ مَنَحَ مَنِيحَةَ وَرِقٍ " . إِنَّمَا يَعْنِي بِهِ قَرْضَ الدَّرَاهِمِ النَّعْمَانِ بْنِ بَشِيرٍ . وَمَعْنَى قَوْلِهِ " مَنْ مَنَحَ مَنِيحَةَ وَرِقٍ " . إِنَّمَا يَعْنِي بِهِ قَرْضَ الدَّرَاهِمِ قَوْلُهِ " مَنْ مَنَحَ مَنِيحَةَ وَرِقٍ " . إِنَّمَا يَعْنِي بِهِ قَرْضَ الدَّرَاهِمِ قَوْلُهُ " أَوْ هَدَى زُقَاقًا " . يَعْنِي بِهِ هِدَايَةَ الطَّرِيقِ .

বাংলা

১৯৬৩। আবূ কুরায়ব (রহঃ) ... বারা ইবনু আযিব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, কেউ যদি দুধের জন্য মিনহা* প্রদান করে বা কাউকে অর্থঋণ দেয় বা পথ হারা লোককে পথ দেখিয়ে দেয় তবে একটি গোলাম আযাদ করার মত ছওয়াব তার হবে।

সহীহ, তা'লীকুর রাগীব ২/৩৪, ২৪১, মিশকাত ১৯১৭, তিরমিজী হাদিস নম্বরঃ ১৯৫৭ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি হাসান-সহীহ। আবৃ ইসহাক-তালহা ইবনু মুসারিফ সূত্রে বর্ণিত হাদিস হিসাবে গারীব। এই সূত্র ছাড়া এটি সম্পর্কে আমাদের কিছু জানা নাই। মানসুর ইবনুল মু'তামির এবং শু'বা (রহঃ)-ও এই হাদীসটি তালহা ইবনু মুসাররিফ (রহঃ) থেকে বর্ণনা করেছেন।

এই বিষয়ে নু'মান ইবনু বাশীর রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে। مَنْ مَنْحَ مَنِيحَةً وَرِقِ এই বক্তব্যের মর্ম হল দিরহাম (অর্থ) ঋণ প্রদান করা।



English

Al-Bara bin Azib narrated that the Messenger of Allah said:

"Whoever gives someone some milk or silver, or guides him through a strait, then he will have the reward similar to freeing a slave."

ফুটনোট

* উট বা বকরির মালিকানা নিজের রেখে দুধ পান করার জন্য কাউকে তা দিয়ে দেয়া।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ বারা আ ইবনু আযিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন